সংবাদ

তারিখ 24 SEP 2016
পৃষ্ঠা 8 কলাম 8

# ইবিতে বিএড ও এমএড কোর্সের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউট অব ইসলামিক এডুকেশন অ্যান্ড রিসার্চ (আইআইইআর)-এর অধীনে ব্যাচেলর অব এডুকেশন (বিএড) এবং মাস্টার্স অব এডুকেশন (এমএড) কোর্সের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বেলা ৩টায় বিশ্ববিদ্যালয়ের মীর মোশাররফ হোসেন একাডেমিক ভবনে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

ভর্তি পরীক্ষা চলাকালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. রাশিদ আসকারি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় সেখানে উপস্থিত ছিলেন আইআইইআর-এর পরিচালক অধ্যাপক ড. মো. মেহের আলী, লোকপ্রশাসন বিভাগের অধ্যাপক ড. একেএম মতিনুর রহমান প্রমুখ।

আইআইইআর-এর পরিচালক প্রফেসর ড. মো. মেহের আলী বলেন, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট www.iu.ac.bd-এ বিস্তারিত পাওয়া যাবে।